

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ ফেব্রুয়ারি' ২০২৪ খ্রি.

চসিকের একুশে স্মারক সম্মাননা পদক ও সাহিত্য পুরস্কার পেলেন ১৬ জন

নানা ক্ষেত্রে অবদানের জন্য এবার চট্টগ্রাম সিটি করপোরেশনের একুশে স্মারক সম্মাননা পদক ও সাহিত্য পুরস্কার পেয়েছেন ১৬ জন।

শুক্রবার সিআরবি শিরীষতলায় অমর একুশে বইমেলা মধ্যে একুশে স্মারক সম্মাননা প্রাপ্তরা হলেন মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা আন্দোলনে শহীদ সাইফুল্লিদিন খালেদ চৌধুরী (মরণোত্তর)। এই বীর মুক্তিযোদ্ধা ১৯৭১ সালে পাকিস্তানি সেনাদের সঙ্গে সম্মুখ যুদ্ধে নিহত হন। তিনি প্রয়াত আওয়ামী লীগ নেতা জহর আহমদ চৌধুরীর সন্তান। শিল্প উন্নয়ন ও সমাজসেবায় মো. নাছির উদ্দিন (মরণোত্তর)। তিনি রঞ্জানিমুখি তৈরি পোশাক খাতের কোম্পানি প্যাসিফিক জিপ্স ছাপের প্রতিষ্ঠাতা। চিকিৎসায় ডা. মো গোফরানুল হক। তিনি ৬ দফা আন্দোলন, ৬৯ এর গণঅভূত্থানে সক্রিয়ভাবে অংশ নেন। নাট্যকলায় বিটার নির্বাহী পরিচালক শিশির দত্ত।

শিক্ষায় বিজিএমইএর ফ্যাশন এন্ড টেকনোলজি ইউনিভার্সিটির ট্রেজারার অধ্যাপক প্রদীপ চক্রবর্তী। সাংবাদিকতায় জসীম চৌধুরী সবুজ, সংবাদপত্র শিল্পের বিকাশ ও মানোন্নয়নে দৈনিক সুপ্রভাত বাংলাদেশের সম্পাদক রংশো মাহমুদ। সঙ্গীতে শ্রেয়সী রায়, ক্রীড়ায় জাকির হোসেন লুলু, স্বল্পদৈর্ঘ্য চলচিত্রে শিবাল চৌধুরী।

সাহিত্য সম্মাননা পেয়েছেন প্রবন্ধে (গবেষণা)-শামসুল আরেফীন ও ড. শামসুন্দীন শিশির। কবিতায় আবসার হাবীব ও ডা. ভাগ্যধন বড়ুয়া। শিশুসাহিত্যে অরূপ শীল ও শিশুকাস্তি দাশ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি বলেন, বইমেলা মধ্যে আজকে উনাদেরকে সম্মানিত করার মাধ্যমে আমরা সম্মানিত হয়েছি। এভাবে গুণীজনদের সম্মাননা না জানালে জাতিতে গুণীজনদের জন্য হবেনা।

“বাংলাদেশে একটি সাংস্কৃতিক জাগরণ দরকার। যে জাগরণের জোয়ারে যৌলবাদ, জঙ্গীবাদ ভেসে যাবে। আমাদের নতুন প্রজন্ম সত্যিকার অর্থে মানুষ হবে, বাঙালি হবে। আমরা চাই দেশের উন্নয়নের সাথে সাথে মানুষ যাতে জড়বন্ধতে পরিণত না হয়, মনুষ্যত্ব হারিয়ে না যায়, বোধ হারিয়ে না যায়। আমরা মানবিক ও সামাজিক কল্যাণ রাষ্ট্র গড়তে চাই। সেজন্য সবাইকে ভূমিকা রাখতে হবো।” সবার সহযোগিতা পেলে চসিকের অমর একুশে বইমেলাকে আন্তর্জাতিক বইমেলায় পরিণত করার ঘোষণা দিয়ে সভাপতির বক্তব্যে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, চসিকের অমর একুশে বইমেলাকে আমি আন্তর্জাতিক বইমেলায় পরিণত করতে চাই। আন্তর্জাতিক বিভিন্ন প্রকাশনা ও বিখ্যাত লেখকদের মিলনমেলায় পরিণত করতে আয়োজন করতে চাই। চট্টগ্রাম বইমেলার।

চসিকের নিজস্ব অর্থায়নে শিশুপার্ক করার জন্য পররাষ্ট্রমন্ত্রীর সহযোগিতা চান মেয়র।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অমর একুশে বইমেলার আহায়ক ড. নিছার উদ্দিন আহমেদ মঙ্গু। সম্মাননাপ্রাপ্তদের মধ্যে অনুভূতি প্রকাশ করেন শিশির দত্ত এবং আবসার হাবীব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউপিলর শহীদুল আলম, নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, গোলাম মো. জুবায়ের, শাহেদ ইকবাল বাবু, আবুল হাসনাত মো. বেলাল, শাহীন আকতার রোজী, প্রধান বইমেলার সদস্য সচিব আবুল হাশেমসহ বিভাগীয় ও শাখা প্রধানবৃন্দ।

আগামীকাল বইমেলা মধ্যে লেখক সমিলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাবেক মেয়র আ. জ. ম. নাছির উদ্দিন। প্রধান আলোচক থাকবেন কবি, লেখক, নাট্যকার ও সাংবাদিক আনিসুল হক। সভাপতিত্ব করবেন লেখক অভীক ওসমান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮